

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষায় অনিয়ম খুঁজতে তদন্ত কমিটি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ১৫ নভেম্বর, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ১ মিনিটে

প্রিন্ট

অ- অ | অ+

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় অনিয়ম ও ত্রুটি খুঁজে বের করতে চার সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। বৃহস্পতিবার এই কমিটি গঠন করা হয়। কমিটিকে দ্রুত সময়ের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার কে এম নূর আহমেদ। তদন্ত কমিটির আহ্বায়ক হলেন বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. অঞ্জন কুমার চৌধুরী, সদস্য সচিব উচ্চশিক্ষা ও গবেষণা শাখার ডেপুটি রেজিস্ট্রার মো. দেলোয়ার হোসেন এবং কমিপট্টার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. ইকবাল আহমেদ ও সহকারী প্রষ্ঠের ড. হানিফ মিয়াকে সদস্য করা হয়েছে।

উল্লেখ্য, ২৭ থেকে ৩১ অক্টোবর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে মানোন্নয়ন শিক্ষার্থীদের ভর্তি জটিলতাসহ নানা অনিয়মের অভিযোগ উঠে।